

আমার হৃদয়সমুদ্রতীরে কে তুমি দাঁড়িয়ে !  
 কাতর পরান ধায় বাহু বাড়ায়ে ॥  
 হৃদয়ে উথলে তরঙ্গ চরণপরশের তরে,  
 তারা চরণকিরণ লয়ে কাড়াকাড়ি করে ।  
 মেতেছে হৃদয় আমার, ধৈর্য না মানে—  
 তোমারে ঘেরিতে চায়, নাচে সঘনে ॥  
 সখা, ওইখেনেতে থাকো তুমি, যেয়ো না চলে—  
 আজি হৃদয়সাগরের বাঁধ ভাঙি সবলে ।  
 কোথা হতে আজি প্রেমের পবন ছুটেছে,  
 আমার হৃদয়ে তরঙ্গ কত নেচে উঠেছে ।  
 তুমি দাঁড়াও, তুমি যেয়ো না—  
 আমার হৃদয়ে তরঙ্গ আজি নেচে উঠেছে ॥

---

Parjaay: Puja, Style: Kirtaner Sur

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail